P - I (1+1+1) H / 16 (N)

2016

# BENGALI (Honours)

[New Syllabus]

Paper Code : I-A

Full Marks : 20 Time : Thirty Minutes

## *Important Instructions for* OMR Sheet

1. Write / Fill your Roll number, Registration number and Session in the space provided on the top of the OMR Sheet.
2. Write / Fill your correct Subject Code & Paper Code in the space provided on the top of the OMR sheet (Subject Codes are given on the back of the OMR sheet & Paper Code in the Question Paper.)
3. Each item has four alternative responses marked (A), (B), (C) and (D). You have to darken the circle as indicated below on the correct response against each item.
4. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Paper Booklet only.** If you mark at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
5. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, you will render yourself liable to disqualification.
6. You have to return the OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall.
7. **Use only Blue/Black Ball point pen. Use of any mobile phone, calculator or log table etc. in examination hall, is prohibited.**

## OMR Sheet-এর জন্য জরুরী নির্দেশাবলী

১। OMR Sheet এর নির্দেশিত স্থানে নিজের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর এবং শিক্ষাবর্ষ (session) লিখতে/পূরণ করতে হবে।

২। OMR Sheet এর নির্দেশিত স্থানে সঠিক Subject Code এবং Paper Code লিখতে/পূরণ করতে হবে। OMR Sheet এর পিছনের পাতায় Subject Code গুলি দেওয়া আছে এবং Paper Code টি প্রশ্নপত্রে উল্লেখ আছে।

৩। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে সঠিক উত্তরের গোল ঘরটি নীল/কালো কালিতে পূরণ করতে হবে।

৪। সঠিক উত্তর কেবলমাত্র উত্তর পত্র অর্থাৎ OMR Sheet-এর নির্দিষ্ট স্থানে গোল ঘর পূরণ করেই দিতে হবে। অন্য কোনো উপায়ে দেওয়া উত্তরের মূল্যায়ন হবে না।

৫। পরীক্ষার্থীর পরিচয় প্রকাশ পাবে এইরূপ কোনো বিশেষ দাগ, ফোন নম্বর, নাম ইত্যাদি OMR Sheet এর কোনো অংশে লেখা যাবে না। কোনোরূপ অবাঞ্ছিত শব্দ লেখা বা দুর্নীতির আশ্রয় নিলে পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৬। পরীক্ষা শেষে উত্তর পত্র (OMR Sheet) সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কের নিকট জমা দিয়ে পরীক্ষা কেন্দ্রের বাইরে বেরোতে হবে এবং কোনোভাবেই পরীক্ষা কেন্দ্রের বাইরে OMR Sheet টি আনা যাবে না।

৭। **শুধুমাত্র নীল/কালো বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।**



Answer *all* the questions in OMR sheet.

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথির আবিষ্কারক —

(A) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

(B) বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ

(C) হরপ্রসাদ শাস্ত্রী

(D) মহম্মদ শহীদুল্লাহ

২। 'চৈতন্যভাগবত' কার রচনা ?

(A) লোচন দাস

(B) বৃন্দাবন দাস

(C) কবি কর্ণপুর

(D) শিবানন্দ সেন

৩। বাংলায় মহাভারতের প্রাচীনতম কবি —

(A) কবীন্দ্র পরমেশ্বর

(B) শ্রীনিবাস আচার্য

(C) মানিক দত্ত

(D) শ্যামানন্দ দাস

৪। কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী কোন শতকের কবি ?

(A) পঞ্চদশ শতক

(B) ষোড়শ শতক

(C) সপ্তদশ শতক

(D) অষ্টাদশ শতক

*Turn Over*

৫। হরিহোড়ের কাহিনী কোন মঙ্গলকাব্যে আছে ?

(A) মনসামঙ্গল

(B) চণ্ডীমঙ্গল

(C) ধর্মমঙ্গল

(D) অন্নদামঙ্গল

৬। বাঙালীর লেখা প্রথম মুদ্রিত গদ্যগ্রন্থ হল —

(A) রাজা প্রতাপাদিত্য চরিত্র

(B) কথামালা

(C) কথোপকথন

(D) লিপিমালা

৭। 'মেঘনাদবধ কাব্যে'র প্রকাশ কাল —

(A) ১৮৫৯ খ্রীঃ

(B) ১৮৬০ খ্রীঃ

(C) ১৮৬১ খ্রীঃ

(D) ১৮৬২ খ্রীঃ

৮। 'জীবন চরিত'-এর রচয়িতা —

(A) রবীন্দ্রনাথ

(B) বঙ্কিমচন্দ্র

(C) বিদ্যাসাগর

(D) শরৎচন্দ্র



৯। 'রামচরিত মানস' কার রচনা ?

(A) লোচন দাস

(B) তুলসী দাস

(C) বলরাম দাস

(D) বৃন্দাবন দাস

১০। 'একেই কি বলে সভ্যতা'র রচনাকাল—

(A) ১৮৬০

(B) ১৮৫৭

(C) ১৮৬১

(D) ১৭৫৭

১১। 'ঢোঁড়াই চরিত মানস'-এর লেখক ?

(A) সমরেশ মজুমদার

(B) সমরেশ বসু

(C) গোপাল হালদার

(D) সতীনাথ ভাদুড়ী

১২। মাইকেল মধুসূদন দত্ত-এর প্রথম প্রকাশিত নাটকের নাম —

(A) মায়াকানন

(B) শর্মিষ্ঠা

(C) পদ্মাবতী

(D) কৃষ্ণকুমারী

*Turn Over*

১৩। বঙ্কিমচন্দ্রের তত্ত্ব ও দেশাত্মবোধক উপন্যাস—

(A) রজনী

(B) চন্দ্রশেখর

(C) আনন্দমঠ

(D) দুর্গেশনন্দিনী

১৪। 'বঙ্গবিজেতা' উপন্যাসের রচয়িতা —

(A) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(B) রমেশচন্দ্র দত্ত

(C) তারকনাথ গঙ্গোপাধ্যায়

(D) স্বর্ণকুমারী দেবী

১৫। বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখী' বলেছেন —

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) মোহিতলাল মজুমদার

(C) সত্যেন্দ্রনাথ দত্ত

(D) বুদ্ধদেব বসু

১৬। কাশীরাম দাস তাঁর মহাভারত রচনা করেছিলেন—

(A) ত্রয়োদশ শতকে

(B) চতুর্দশ শতকে

(C) পঞ্চদশ শতকে

(D) সপ্তদশ শতকে।



১৭। শ্রীকৃষ্ণ বিজয় কার লেখা ?

(A) মালাধর বসু

(B) রামরাম বসু

(C) বিদ্যাপতি

(D) গোবিন্দ দাস

১৮। কীর্তিলতা কাব্যের রচয়িতা —

(A) চণ্ডীদাস

(B) বিদ্যাপতি

(C) জয়দেব

(D) গোবিন্দ দাস

১৯। চৈতন্যদেবের জন্ম হয় —

(A) ১৪৮৪ খ্রীঃ

(B) ১৪৮৫ খ্রীঃ

(C) ১৪৮৬ খ্রীঃ

(D) ১৫৮৫ খ্রীঃ

২০। কোলরিজের 'বায়োগ্রাফিয়া লিটারারিয়া' প্রকাশিত হয় —

(A) ১৮১৫ খ্রীঃ

(B) ১৮১৬ খ্রীঃ

(C) ১৮১৭ খ্রীঃ

(D) ১৮১৮ খ্রীঃ।

*Turn Over*

Department OF Bengali, Gour Mahavidyalaya

P.I (1+1+1) H / 16 (N)

2016

# BENGALI (Honours)

[New Syllabus]

Paper Code : I-B

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) শিবায়নকে কি মঙ্গল কাব্যধারার অন্তর্ভুক্ত করা যায়? এই কাব্যের শ্রেষ্ঠ কবির প্রতিভার পরিচয় দাও। ৩+১২=১৫

অথবা,

বাউল গানের ভিতর যে সাধনার মূলতত্ত্ব নিহিত আছে সংক্ষেপে তার পরিচয় দাও। বাংলার একজন শ্রেষ্ঠ বাউল কবির রচনার পরিচয় দাও। ৭+৮=১৫

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৫×১=৫

চর্যাপদ, চন্দ্রাবতীর রামায়ণ, চৈতন্য ভাগবত, মীনচেতন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) বাংলা নাট্যসাহিত্যে মাইকেল মধুসূদন দত্ত-এর অবদান আলোচনা করো। ১৫

অথবা,

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রবন্ধ রচনাগুলির পরিচয় দাও। ১৫

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৫×১=৫

মৃত্যুঞ্জয় বিদ্যালংকার, ভানুসিংহ ঠাকুরের পদাবলী, ছাড়পত্র, অদ্বৈত মল্লবর্মন।



৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) শেক্সপীয়রের একটি ট্র্যাজেডির পরিচয় দিয়ে ট্র্যাজেডি রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো। ১০

অথবা,

কীট্‌স-এর কবিতায় সৌন্দর্য চেতনার যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১০

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৫×১=৫

ওথেলো, দ্য প্রিলিউড, দ্য এনসিয়েন্ট মেরিনার, হাইপেরিয়ান।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) বাংলা ভাষা উদ্ভবের একটি সংক্ষিপ্ত ইতিহাস রচনা করো। ১০

অথবা,

বাংলা শব্দভাণ্ডারের প্রধান প্রধান উপাদানগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৫×১=৫

অর্থসংশ্লেষ, ঘৃষ্টধ্বনি, সাদৃশ্য, তালব্যীভবন।

(গ) নিম্নলিখিত শব্দগুলির ব্যুৎপত্তি নির্ণয় করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

আমিষ, উনুন, কুমড়া, চৌকি, দস্তাবেজ, দেউটি, মেমসাহেব, সাঁওতাল।

Department OF Bengali, Gour Mahavidyalaya

Turn Over

৪। 'গোপীচন্দ্রের গান'কে লোকসাহিত্যের অন্তর্ভুক্ত করা যায় কি ? আলোচনা করো। ১৫

অথবা,

অদুনা-পদুনা চরিত্র দু'টির মধ্যে চিরন্তন নারী চরিত্রের পরিচয় কিভাবে ফুটে উঠেছে আলোচনা করো। ১৫

৫। সনেট কাকে বলে? সনেটের রীতিগুলির নাম করো এবং উদাহরণসহ সনেটের যে কোনো একটি রীতির পরিচয় দাও। ৮

অথবা,

সংজ্ঞা লেখো : (যে কোনো দু'টি) ৪×২=৮

দল, যতি, ছেদ, লয়

৬। যে কোনো দু'টি ছন্দোলিপি প্রস্তুত করো : ৪×২=৮

(ক) প্রণমিয়া পাটনী কহিছে যোড়হাতে।
আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।।
তথাস্তু বলিয়া দেবী দিলা বরদান।
দুধে ভাতে থাকিবেক তোমার সন্তান।।

(খ) মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।
এই সূর্য করে এই পুষ্পিত কাননে
জীবন্ত হৃদয়-মাঝে যদি শাস্তি পাই।

(গ) বর্ষে বর্ষে দলে দলে আসে বিদ্যামঠতলে
চলে যায় তারা কলরবে,
কৈশোরের কিশলয় পর্ণে পরিণত হয়
যৌবনের শ্যামল গৌরবে।

(ঘ) আজগুবি চাল বেঠিক বেতাল
মাত্‌বি মাতাল রঙ্গেতে
আয়রে তবে ভুলের ভবে
অসম্ভবের ছন্দেতে।



৭। দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো : (যে কোনো দু'টি) ৩×২=৬

উপমা, অনুপ্রাস, শ্লেষ, রূপক।

৮। অলংকার নির্ণয় করো (যে কোনো একটি) : ৩×১=৩

(ক) ধরণী এগিয়ে এসে দেয় উপহার
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।

(খ) কি আর কহিব, দেব। কাঁপিছে এ পুরী
রক্ষোবীর পদভরে, নহে ভূকম্পনে।

(গ) 'দূরে বালুচরে-রোদ কাঁপে থরথর
ঝিঁঝির পাখার চেয়ে সে যে তীব্রতর।'

———